# পিরোজপুর জেলার কাউখালী উপজেলার "উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা কমিটির" সভার কার্যবিবরণী

সভাপতি ঃ মোঃ আবু সাঈদ মিঞা
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
ও সভাপতি
উপজেলা দুর্যোগ ব্যবস্থপনা কমিটি
কাউখালী, পিরোজপুর

স্থান ঃ উপজেলা পরিষদ সভাকক্ষ, কাউখালী, পিরোজপুর।
তারিখ ঃ ১২/০৫/২০২৩ খ্রিঃ, সময় ঃ বিকাল ০৩ : ৩০ ঘটিকা

উপস্থিত সদস্যদের হাজিরা পরিশিষ্ট-'ক'

সভাপতি অদ্যকার সভায় উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতি জানান যে, ঘূর্ণিঝড় 'মোখা' মোকাবেলায় জেলা প্রশাসক মহোদয়ের নির্দেশনায় জরুরী সভা আহবান করা প্রয়োজন। তিনি এ বিষয়টি দুর্যোগ ব্যবস্থাপনা কমিটিকে অবহিত করেন। সভাপতির অনুমতিক্রমে সহ-সভাপতি এই সভা পরিচালনা করেন। তিনি জানান যে, বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর থেকে আগত বিজ্ঞপ্তি নং- ১১, তারিখ ১২/০৫/২০২৩ খ্রিঃ বার্তা মোতাবেক মধ্য বঙ্গোপসাগর তৎসংলগ্ন দক্ষিণপূর্ব এলাকায় অবস্থানরত অতি প্রবল ঘূর্ণিঝড় 'মোখা' উত্তর উত্তর-পূর্ব দিকে অগ্রসর হয়ে পূর্ব মধ্য বঙ্গোপসাগর ও তৎসংলগ্ন এলাকায় ( ১৩.৯° উত্তর অক্ষাংশ এবং : ৮৮.২° পূব দ্রঘিমাংশ) অবস্থান করছে। এটি আজ (১২ মে ২০২৩) দুপুর ১২টায় চট্রগ্রাম সমুদ্র বন্দর থেকে ১০০৫ কিঃমিঃ দক্ষিণ দক্ষিণ-পশ্চিমে, কক্সবাজার সমুদ্র বন্দর থেকে ৯৩৫ কি.মি. দক্ষিণ-দক্ষিণপশ্চিমে, মোংলা সমুদ্রবন্দর থেকে ৯৬৫ কি.মি. দক্ষিণ-দক্ষিণ পশ্চিমে এবং পায়রা সমুদ্রবন্দর থেকে ৯৩০ কি.মি. দক্ষিণ-দক্ষিণ পশ্চিমে অবস্থান করেছিল।এটি আরো উত্তর-উত্তরপূর্ব দিকে অগ্রসর ও ঘণীভূত হতে পারে।

অতি প্রবল ঘূর্ণিঝড় কেন্দ্রের ৫৪ কিঃ মিঃ এর মধ্যে বাতাসের একটানা সর্বোচ্চ গতিবেগ ঘন্টায় ১৩০ কিঃ মিঃ যা দমকা অথবা ঝড়ো হাওয়ার আকারে ১৫০ কিঃমিঃ পর্যন্ত বৃদ্ধি পাচ্ছে। অতি প্রবল ঘূর্ণিঝড় কেন্দ্রের নিকটে সাগর উত্তল রয়েছে।

চট্রগ্রাম, কক্সবাজার, মোংলা ও পায়রা সমুদ্র বন্দরসমূহকে ০২(দুই) নম্বর দূরবর্তী হুঁশিয়ারী সংকেত নামিয়ে তার পরিবর্তে ০৪(চার) নম্বর স্থানীয় হুঁশিয়ারী সংকেত (পুন:) ০৪(চার) নম্বর স্থানীয় হুঁশিয়ারী সংকেত দেখাতে বলা হয়েছে।

উত্তর বঙ্গোপসাগরে অবস্থানরত সকল মাছ ধরার নৌকা ও ট্রলারকে নিরাপদ আশ্রয় যেতে বলা হয়েছে। এ ব্যাপারে সভায় দুর্যোগ পূর্ব, দুর্যোগকালীন ও দুর্যোগ পরবর্তী সময়ে কী কী ব্যবস্থা নেয়া যায় সে ব্যাপারে বিভাগ ওয়ারী বিস্তারিত আলোচনান্তে নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

সিদ্ধান্ত ঃ

- দুর্যোগকালীন সময়ে সকল দপ্তরের কর্মকর্তা /কর্মচারীকে বাধ্যতামূলকভাবে কর্মস্থলে উপস্থিত থাকতে হবে।
- দুর্যোগকালীন ও দুর্যোগ পরবর্তী সময়ে ইউনিয়ন ভিত্তিক মেডিকেল টিম গঠনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে অনুরোধ জানানো হয়। গঠিত মেডিকেল টিমের একটি কপি উপজেলা কমিটির নিকট দাখিল করতে অনুরোধ জানানো হয়।
- উপজেলার সকল সাইক্লোন সেল্টার কাম-প্রাথমিক বিদ্যালয়ের চাবি দায়িত্বপ্রাপ্ত একজন শিক্ষকের নিকট বুঝিয়ে দেয়ার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপস্থিত উপজেলা শিক্ষা অফিসারকে অনুরোধ জানানো হয়। প্রতিষ্ঠান ভিত্তিক প্রধান শিক্ষক, সহকারী শিক্ষক ও নাইট গার্ডের নম্বরসহ তালিকা দেয়ার অনুরোধ জানানো হয়।
- দুর্যোগকালীন ও দুর্যোগ পরবর্তী সময়ে উদ্ধার অভিযান ও আইন শৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণে রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অফিসার ইনচার্জ কাউখালী থানাকে অনুরোধ জানানো হয়।
- শুকনা খাবার, মোমবাতি, ম্যাচ এর মজুদ রাখার জন্য সভাপতি, কাউখালী উত্তর বাজার ব্যবসায়ী সমিতি ও সভাপতি কাউখালী দক্ষিণ বাজার ব্যবসায়ী সমিতিকে অনুরোধ জানানো হয়।
- দুর্যোগের বার্তাসমূহ বহুল প্রচারের জন্য সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানকে বলা হয়।
- দুর্যোগকালীন সময়ে উদ্ধার অভিযানের নিমিত্ত মাছ ধরার ট্রলার প্রস্তুত রাখা ও তাদের সাথে সার্বক্ষণিক যোগাযোগ রক্ষার জন্য উপজেলা মৎস্য অফিসার, কাউখালী, পিরোজপুরকে অনুরোধ জানানো হয়।
- গ্রামে গ্রামে উদ্ধারকারী দল তৈরি করা ও তাদের প্রস্তুত রাখার জন্য সংশ্লিষ্ট ওয়ার্ড সদস্য ও স্কাউটস্ এর সম্পাদক ও রেড ক্রিসেন্ট এর সদস্যগণকে অনুরোধ জানানো হয়।
- উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তাকে তার অধীন প্রক্ষিক্ষণপ্রাপ্ত আনসার সদস্যদের মোবাইল নম্বরসহ তালিকা উপজেলায় স্থাপিত কন্ট্রোল রুমে জমা দেওয়ার জন্য বলা হয় এবং দুর্যোগকালীন ও পরবর্তী সময়ে প্রশিক্ষণপ্রাপ্ত আনসার ভিডিপি সদস্যগণকে

সার্বক্ষণিকভাবে ইউনিয়ন পরিষদ এর চেয়ারম্যান, অফিসার ইনচার্জ ও উপজেলা নির্বাহী অফিসার এর সাথে যোগাযোগ রাখার জন্য অনুরোধ জানানো হয়।

- দুর্যোগকালীন সময়ে সকল স্কুল, কলেজ ও মাদ্রাসা ভবন খোলা রাখার প্রয়োজনীয় ব্যবস্থা নেয়ার জন্য সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধানকে অনুরোধ জানানো হয়। উপজেলা শিক্ষা অফিসার ও উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা বিষয়টি নিশ্চিত করবেন।
- পানি বিশুদ্ধকরণ ট্যাবলেট ও বিশুদ্ধ খাবার পানি মজুদ রাখার প্রয়োজনীয় ব্যবস্থা নেয়ার জন্য জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগকে অনুরোধ জানানো হয়।
- দুর্যোগকালীন কৃষি পণ্যের ক্ষয়ক্ষতি যাতে কম হয় সে বিষয়ে প্রচারণা চালানোর জন্য উপজেলা কৃষি অফিসারকে অনুরোধ জানানো হয়।
- দুর্যোগকালীন গবাদি পশু যাতে নিরাপদ আশ্রয়ে যেতে পারে সে বিষয়ে ব্যাপক প্রচারের জন্য উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা ও ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ জানানো হয়।
- দুর্যোগকালীন সময়ে স্বাস্থ্যসেবা ও লজিষ্টিক সার্পোট প্রদানের জন্য অত্র উপজেলায় কর্মরত বিভিন্ন এনজিওকে অনুরোধ জানানো হয়।
- দুর্যোগকালীন সময়ে সড়ক যোগযোগ ব্যবস্থা সচল রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলী, কাউখালীকে অনুরোধ জানানো হয়।
- দুর্যোগকালীন সময়ে মহিলা, শিশু ও বৃদ্ধদেরকে অগ্রাধিকার ভিত্তিতে নিরাপদ আশ্রয়ে আনায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সকল ওয়ার্ড সদস্য ও ইউপি চেয়ারম্যানকে অনুরোধ জানানো হয়।
- ইউনিয়ন দুর্যোগ ব্যবস্থাপনা কমিটির জরুরী সভা অনুষ্ঠান পূর্বক ইউনিয়ন কমিটির কার্যপরিধি অনুযায়ী নির্ধারিত দায়িত্ব পালনের জন্য সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানকে অনুরোধ জানানো হয় এবং কার্যবিবরণীর একটি কপি অত্র কার্যালয়ে জমা দেওয়ার জন্য অনুরোধ জানানো হয়।
- যার যার অবস্থানে থেকে উপজেলা কমিটিকে সার্বিকভাবে সহযোগিতা প্রদানের জন্য স্থানীয় গন্যমান্য ব্যক্তিবর্গকে অনুরোধ জানানো হয়।
- দুর্যোগকালীন সময়ে সরকারি বৃক্ষের ক্ষতি হলে তা দ্রুত অপসারণ করে জনগনের চলাচলের ব্যবস্থা স্বাভাবিক রাখার জন্য বন কর্মকর্তাকে অনুরোধ করা হয়।
- উপস্থিত সকল সদস্যকে উপজেলা নির্বাহী অফিসার (০১৩২১১৩৪০২৯) এবং উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা (০১৭০০৭১৭০৮০) উল্লেখিত নম্বর সমূহে সার্বক্ষণিকভাবে যোগাযোগ রক্ষার জন্য অনুরোধ জানানো হয়।
- ইউনিয়নে দায়িত্বপ্রাপ্ত ট্যাগ অফিসারগণ সার্বক্ষণিক তার ইউনিয়নের সাথে যোগাযোগ রাখবেন।
- দুর্যোগকালীন সময়ে প্রজাতন্ত্রের সকল কর্মচারীর ছুটি বাতিলসহ নিজ নিজ কর্মস্থলে থেকে দুর্যোগ ব্যবস্থাপনা কাজে সহযোগিতার সিদ্ধান্ত নেয়া হয়।
- আমরাজুড়ি ইউনিয়নের সোনাকুর ফেরী সার্বক্ষণিক চলাচলের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো হয়।
- সকল ইউনিয়নের দুর্যোগ কবলিত নারী, শিশু, বৃদ্ধ সকলকে নিকটস্থ আশ্রয়কেন্দ্রে পাঠানোর ব্যবস্থা গ্রহণের জন্য ইউনিয়ন পরিষদে চেয়ারম্যানদের অনুরোধ জানানো হয়।
- আশ্রয়কেন্দ্রে জনগণের মাঝে শুকনো খাবার ও তৈরিকৃত খাবার সুষ্টুভাবে বন্টন করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানানো হয়।
- আশ্রয়কেন্দ্রের আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখার জন্য থানার ভারপ্রাপ্ত কর্মকর্তাকে অনুরোধ জানানো হয়।
- সকল ইউনিয়নের দুর্যোগ ব্যবস্থাপনা কমিটিকে স্থানীয় স্বেচ্ছাসেবক, উদ্ধারকারী দলকে প্রস্তুত থেকে দুর্যোগ কবলিত মানুষের পাশে দাড়ানোর জন্য অনুরোধ জানানো হয়
- ইউনিয়ন পর্যায়ে প্রশিক্ষণপ্রাপ্ত আনসার সদস্যদের মধ্য হতে প্রতিটি আশ্রয়কেন্দ্রে ০২(দুই) জন করে আনসার সদস্যকে স্বেচ্ছাসেবক হিসেবে মোতায়নের জন্য উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তাকে অনুরোধ জানানো হয়।

সভায় সভাপতি দুর্যোগকালীন সময়ে সকলকে দুর্গত মানুষের পাশে থেকে সেবা করার মানসিকতা নিয়ে কাজ করার আহবান জানিয়ে এবং সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(মোঃ আবু সাঈদ মিঞা)
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
ও সভাপতি
উপজেলা দুর্যোগ ব্যবস্থপনা কমিটি
কাউখালী, পিরোজপুর

স্মারক নং- ৫১.০১.৭৯৪৭.০০০.৪২.০১৬.২৩/৬৭৪

তারিখ ঃ ১২/০৫/২০২৩ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি/ অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

০১। মাননীয় সংসদ সদস্য, ১২৮, পিরোজপুর-০২
০২। জেলা প্রশাসক, পিরোজপুর
০৩। উপজেলা নির্বাহী অফিসার, কাউখালী, পিরোজপুর
০৪। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কাউখালী, পিরোজপুর
০৫। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কাউখালী, পিরোজপুর
০৬। উপজেলা ----------------------------------------------অফিসার, কাউখালী, পিরোজপুর
০৭। চেয়ারম্যান, ----------------------------------------------ইউপি, কাউখালী, পিরোজপুর
০৮। সভাপতি/ সম্পাদক, ----------------------------------------------কাউখালী, পিরোজপুর
০৯। জনাব ------------------------------------------------------- কাউখালী, পিরোজপুর

১২/০৫/২০২৩
(রুনু বেগম)
উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা
কাউখালী, পিরোজপুর